JAN 27 2002

দৈনিক ইনকিলাব

তারিখ ... ২৭ ১ ... ২

জনমনে উৎকণ্ঠা

# মাদ্রাসার এমপিওভুক্তির জন্য আবার ৩০% মহিলা নিয়োগের শর্ত

**আহমদ সেলিম রেজা** ॥ সরকার মাদ্রাসার মঞ্জুরি এবং এমপিওভুক্তির শর্ত হিসেবে নিয়োজিত শিক্ষকদের ৩০ ভাগ মহিলা শিক্ষক নিয়োগ বাধ্যতামূলক ঘোষণা করেছেন। বিগত আওয়ামী লীগ সরকারের আমলে নেয়া এই সিদ্ধান্ত মাদ্রাসার ছাত্র-শিক্ষক ও আলেমদের প্রতিবাদের মুখে কার্যকর হয়নি। কিন্তু বর্তমানে বেসরকারি থেকে সরকারী সাহায্যপ্রাপ্ত মাদ্রাসার মঞ্জুরি ও এমপিওভুক্তির শর্ত হিসেবে মহিলা নিয়োগের বিষয়টিকে প্রাধান্য দিচ্ছে। এই

৭-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## মাদ্রাসার এমপিওভুক্তি

প্রথম পৃষ্ঠার পর

নিয়োগের শর্তে ৩০ ভাগ মহিলা কোটায় ভিন্ন ধর্মাবলম্বী শিক্ষক নিয়োগেরও বিধান রয়েছে। চারদলীয় জোট সরকার ক্ষমতাসীন হয়ে বিগত সরকারের বহু গণবিরোধী সিদ্ধান্ত বাতিল করলেও মাদ্রাসায় মহিলা শিক্ষক নিয়োগের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করেনি। ফলে মাদ্রাসার এমপিওভুক্তির শর্ত হিসেবে এই বিতর্কিত বিধানটি এখনও বহাল রয়েছে।